

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।

<http://dwa.gajaria.munshig anj.gov.bd>

স্মারক নং : ০৫.৩০.৫৯২৪.০০২.০৫.০০৫.২০১৭-৫৫

তারিখঃ- ১৪/০৩/২০২২ খ্রিঃ


উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জিয়াউল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার তারিখ : ১৪ মার্চ, ২০২২ খ্রিঃ
সভার সময় : বেলা ২.০০ ঘটিকায়
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য-সচিব, উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি, গজারিয়া, মুন্সীগঞ্জ গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারী/২০২২ মাসে বাল্যবিবাহের ১টি তথ্য পাওয়া গিয়েছে। পরবর্তীতে যোগাযোগ করে জানা যায়, মেয়ের বয়স ২১ এবং তারা নোটারী পাবলিক এর মাধ্যমে বিয়ে সম্পন্ন করা হয়েছে।	বাল্যবিবাহ প্রতিরোধে চলমান কার্যক্রম অব্যাহত থাকবে।	উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সদস্য বৃন্দ।
০২	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারী/২০২২ মাসে স্বাস্থ্য বিধিমেনে সামাজিক দুরত্ব বজায় রেখে ২ টি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে।	স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে সচেতনতামূলক সভা ও উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০৩	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বাল্যবিবাহ প্রতিরোধ কমিটিতে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ সম্পৃক্ত আছেন। তারা নিজ নিজ দপ্তরে বাল্যবিবাহ প্রতিরোধে কি পদক্ষেপ গ্রহণ করেছেন তা সভায় কখনো উপস্থাপন করা হয় না। কমিটির সদস্য বৃন্দকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।	বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ পরবর্তী সভায় গৃহীত পদক্ষেপ সমূহ উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সদস্য বৃন্দ।

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


জিয়াউল ইসলাম চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: unogajaria@gmail.com

ফোনঃ ০২৭৬১৬০৪৪

তারিখঃ ১৪/০৩/২০২২খ্রিঃ

স্মারক নং :- ৩২.০১.৫৯২৪.০০০.৩৩.০০২.২০১৭-

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৫. অফিসার ইন চার্জ গজারিয়া থানা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৭. উপজেলা..... কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৮. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), গজারিয়া, মুন্সীগঞ্জ।
৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

